


২২জুন থেকে জবির প্রথম বর্ষের ক্লাস শুরু,বিভাগগুলোকে প্রস্তুতির নির্দেশ

মামুন শেখ, জবি সংবাদদাতা

প্রকাশিত: ২১:৪৫, ২ জুন ২০২৫



আগামী ২২ জুন থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু করার ঘোষণা দেয়া হয়েছে।

আজ সোমবার (২ জুন) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ২২ জুন থেকে বিভিন্ন অনুষদভুক্ত বিভাগের ক্লাস শুরু হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ, ইনস্টিটিউট, অনুষদ এবং শাখাগুলোকে প্রস্তুতি গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, পরীক্ষা নিয়ন্ত্রণ, হিসাব, অর্থ ও হিসাব পরিদপ্তর, উন্নয়ন, ওয়েব/আইসিটি শাখাসহ সংশ্লিষ্ট অফিসগুলোকে সংশ্লিষ্ট

কার্যক্রম সমন্বয় করে ক্লাস শুরুর জন্য প্রস্তুতি সম্পন্ন করতে বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন বলেন, 'এবারের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য এদিন তাদের বিশ্ববিদ্যালয় জীবনের প্রথম ক্লাস। তাই একাডেমিক কার্যক্রম সুশৃঙ্খলভাবে শুরু করতে প্রশাসনের পক্ষ থেকে বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তরগুলোকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।'

উপাচার্য অধ্যাপক ড. মো: রেজাউল করিম বলেন, 'আমরা শুরু থেকেই চেষ্টা করছি, শিক্ষার্থীরা যেন ভর্তি হওয়ার সাথে সাথে পড়ালেখায় যুক্ত হতে পারে। ২২ জুন থেকে প্রথম বর্ষের ক্লাস শুরু হচ্ছে। নতুন শিক্ষার্থীদের আমরা আন্তরিক শুভেচ্ছা জানাই এবং আশা করি তারা নিয়মিত অধ্যয়ন, গবেষণা ও নৈতিক উন্নয়নের মাধ্যমে নিজেদের ভবিষ্যতের জন্য প্রস্তুত করবে।